

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৮০

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৬. ইয়াতীমের অধিকার

بَاب حَقِّ الْيَتِيمِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْكَلْبِيُّ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ الْأَنْصَارِيُّ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ إِبْرَاهِيمَ الْأَنْصَارِيُّ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ على الله عليه وسلم - " مَنْ عَالَ ثَلاَثَةً مِنَ الأَيْتَامِ كَانَ كَمَنْ قَامَ لَيْلَهُ وَصَامَ نَهَارَهُ وَعَدَا وَرَاحَ شَاهِرًا سَيْفَهُ فِي سَبِيلِ اللَّهِ وَكُنْتُ أَنَا وَهُو فِي الْجَنَّةِ أَخَوَيْنِ كَهَاتَيْنِ أَخْتَانِ " وَغَدَا وَرَاحَ شَاهِرًا سَيْفَهُ فِي سَبِيلِ اللَّهِ وَكُنْتُ أَنَا وَهُو فِي الْجَنَّةِ أَخَوَيْنِ كَهَاتَيْنِ أَخْتَانِ " . وَأَلْصَتَقَ إِصنْبَعَيْهِ السَّبَّابَةَ وَالْوُسْطَى .

বাংলা

৩/৩৬৮০। আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি তিনজন ইয়াতীমের ভরণপোষণ করে, সে ঐ ব্যক্তি সমতুল্য যে রাতভর ইবাদতরত থাকে, দিনভর রোযা রাখে এবং সকাল-সন্ধ্যা আল্লাহর রাস্তায় সশস্ত্র জিহাদ করে। জান্নাতে আমি ও সেই ব্যক্তি এই দু' বোনের মত দু' ভাইরূপে বসবাস করবো, (এই ব'লে) তিনি তর্জনি ও মধ্যমা আঙ্গুল একত্র করে দেখান।

English

It was narrated from `Abdullah bin `Abbas that the Messenger of Allah(ﷺ) said:

"Whoever raises three orphans, is like the one who spends his nights in prayer and fasts during the day, and goes out morning and evening drawing his sword in the cause of Allah. In Paradise, he and I will be brothers like these two sisters, and he held up his forefinger and middle finger together."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফ আল-জামি' ৫৬৯৩। তাহকীক আলবানীঃ যইফ।



উক্ত হাদিসের রাবী ১. হাম্মাদ বিন আবদুর রহমান আল-কিলাবী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার বর্ণনা কম। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত ও হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৪৮৫, ৭/২৮০ নং পৃষ্ঠা) ২. ইসমাইল বিন ইবরাহীম আল-আনসারী সম্পর্কে আবুল কাসিম বিন বিশকাওয়াল বলেন, তাকে দুর্বলতা স্পর্শ করেছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত, তিনি মিসরী না মিসরী নয় তা আমার জানা নেই। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪১৯, ৩/৩৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন